দৈনিক
ইনকিলাব

তারিখ 21 JAN 2010
পৃষ্ঠা 2 কলাম 5

### পাঠ্যবই বিতরণে অনিয়ম

# ঢাকা জেলা শিক্ষা কর্মকর্তা সাসপেন্ড

## অনিয়মের বিরুদ্ধে শিগগিরই কঠোর ব্যবস্থা : শিক্ষামন্ত্রী

স্টাফ রিপোর্টার

সরকার দেশের সকল জেলা-উপজেলার স্কুলসমূহের শিক্ষার্থীদের হাতে নির্ধারিত সময়ে বই পৌঁছে দিয়েছে। এক্ষেত্রে ঢাকাসহ কতিপয় স্থানে কিছু ত্রুটি-বিচ্যুতি লক্ষ্য করা গেছে। পাঠ্যবই বিতরণে যে কোন ধরনের ত্রুটি-বিচ্যুতি, গাফিলতি ও অনিয়ম সৃষ্টিকারীদের বিরুদ্ধে শিগগিরই কঠোর ব্যবস্থা নেয়া হবে। ঢাকার জেলা শিক্ষা কর্মকর্তা (ডিইও) মো. রুহুল আমিন খানকে প্রাথমিক গাফিলতি ও কর্তব্যে অবহেলার কারণে গতকাল (বুধবার) তাকে তাৎক্ষণিকভাবে সাময়িক বরখাস্ত করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদের সভাপতিত্বে ২০১০ সালের পাঠ্যপুস্তক মুদ্রণ, বিতরণ পৃঃ ২ কঃ ৮

### পাঠ্যবই বিতরণে অনিয়ম

প্রথম পৃষ্ঠার পর

সম্পর্কিত উচ্চ ক্ষমতাসম্পন্ন সার্বিক তদারকি কমিটির এক সভায় গতকাল এ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। সভায় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মন্ত্রী ডাঃ আফছারুল আমিন, প্রতিমন্ত্রী মোঃ মোতাহার হোসেন, শিক্ষাসচিব সৈয়দ আতাউর রহমানসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

সভায় পাঠ্যবই বিতরণে বিদ্যমান ত্রুটি-বিচ্যুতি, অনিয়ম, গাফিলতি ও দুর্নীতির জন্য দায়ী কর্মকর্তা-কর্মচারী ও প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের চিহ্নিতকরণ এবং সমস্যা সমাধান করে ৩১ জানুয়ারির মধ্যে সকল শিক্ষার্থীর হাতে বই পৌঁছানো নিশ্চিতকরণে পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে ৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটি জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) কর্তৃক বিভিন্ন প্রেস থেকে বই গ্রহণ, জেলা-উপজেলা, বিদ্যালয় ও শিক্ষার্থীদের হাতে পৌঁছানো বিষয় পর্যালোচনা করা এবং সর্ব পর্যায়ে সমন্বয় করবে। কমিটির সদস্যবৃন্দ হলেন এনসিটিবি'র চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক।

সভা শেষে সংবাদ সম্মেলনে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, বই বিতরণের ক্ষেত্রে কোন রকম গাফিলতি, অযথা দেরি করা, অনিয়ম ও দুর্নীতি বরদাস্ত করা হবে না। জেলা-উপজেলা ও স্কুলসমূহে পৌঁছে যাওয়া প্রতিটি বই তাৎক্ষণিকভাবে শিক্ষার্থীদের হাতে পৌঁছাতে হবে। তিনি প্রাথমিক স্তরের বই বিতরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয় ত্বরিত পদক্ষেপ গ্রহণ করবেন বলে বলেন। তিনি প্রাথমিক ও মাধ্যমিক স্তরের ১৯ কোটি বই মুদ্রণ, বাঁধাই, সরবরাহ ও বিতরণকে একটি বিশাল কর্মযজ্ঞ উল্লেখ করে বলেন, কতিপয় ক্ষেত্রে সামান্য ত্রুটি-বিচ্যুতি লক্ষ্য করা গেছে। এ থেকে শিক্ষা নিয়ে আগামী বছর শুরু থেকেই এসব ভুল শুধরে নেয়া হবে। মন্ত্রী শিগগিরই ইংরেজী ভার্সনের বই সরবরাহের নিশ্চয়তা প্রদান করেন।